

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২১ জুন ২০১৮

নং ২৮.০০.০০০০.০২৬.৪০.০১৩.১৮.১৮৮—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৬ জানুয়ারি, ২০১৪ তারিখের ২৮.০১৭.০৪০.০০.০০.০৩৫.১৩-৪০ সংখ্যক স্মারকমূলে জারীকৃত “নতুন ফিলিং স্টেশন স্থাপন/সার্ভিস স্টেশন স্থাপন সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০১৪” নিম্নরূপভাবে সংশোধন/সংযোজন/বিরোধজন/প্রতিস্থাপন করা হলো।

অনুচ্ছেদ-৩	“ডিলারের ট্রেড লাইসেন্স, টি আই এন সনদ এবং বিগত দুই বছরের প্রতি বছর কমপক্ষে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ব্যক্তি পর্যায়ে আয়কর প্রদানের তথ্য সম্বলিত আয়কর বিভাগের প্রত্যয়নপত্র।”		
অনুচ্ছেদ-৭	ন্যূনতম দূরত্ব :		
	ক) নতুন স্থাপনার ক্ষেত্রে এক ফিলিং স্টেশন হতে অন্য ফিলিং স্টেশনের দূরত্ব নিম্নরূপ হবে :		
	পেট্রোল পাম্পের অবস্থান	এক ফিলিং স্টেশন হতে অন্য ফিলিং স্টেশনের ন্যূনতম দূরত্ব (কি.মি.)	
		সড়কের একই দিকে	সড়কের বিপরীত দিকে
	সিটি কর্পোরেশন/জেলা শহর (জেলা শহর বলতে জেলা সদর দপ্তর যে শহরে অবস্থিত সে পৌর এলাকাকে বুঝাবে)।	১	১
পৌরসভা/উপজেলা সদর, অনুমোদিত বাস ও ট্রাক টার্মিনাল, ফেরীঘাট	৩	২	
সড়ক-মহাসড়ক	২০	১০	
	* নীতিমালার সংযুক্ত ছক-‘খ’ এর ৫ (পাঁচ) নম্বর কলামে বর্ণিত দূরত্ব উপর্যুক্ত মতে প্রতিস্থাপিত হবে।		

( ৭৯৭৩ )

মূল্য : টাকা ৪.০০

<p>অনুচ্ছেদ-৭</p>	<p>(খ) কোন সিটি কর্পোরেশন বা জেলা শহরে নতুন বাস বা ট্রাক টার্মিনাল এবং জাতীয় মহাসড়কে ফেরীঘাট নির্মাণ ও চালু হলে ট্রাফিক বৃদ্ধির সংখ্যা দেখা দিলে সে স্থানে প্রস্তাবিত ফিলিং স্টেশনের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক/ যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে বিপিসি ন্যূনতম দূরত্ব শিথিল করতে পারবে; তবে, এক্ষেত্রে প্রস্তাবিত ফিলিং স্টেশনের ৫ (পাঁচ) কি.মি. ব্যাসার্ধের মধ্যে চালু/বিদ্যমান ফিলিং স্টেশনগুলোর গড় মাসিক ন্যূনতম বিক্রয় ২.০০ লক্ষ লিটার এবং প্রস্তাবিত ফিলিং স্টেশনের সম্ভাব্য মাসিক ন্যূনতম বিক্রয় ১.৫০ লক্ষ লিটার হতে হবে। এক্ষেত্রে, ডিপো থেকে তেল উত্তোলনের ডকুমেন্ট ও পরিমাণ সম্পর্কে সংশ্লিষ্ট এলাকার বিক্রয় কর্মকর্তার প্রত্যয়নপত্র থাকতে হবে।</p> <p>(গ) কোন বাইপাস সড়ক নির্মাণের ফলে অথবা রাস্তা উন্নয়নের কারণে যদি কোন চালু ফিলিং স্টেশন স্থানান্তর অপরিহার্য হয়ে পড়ে উক্ত স্থানে বর্তমানে চালু ফিলিং স্টেশনের পরিবর্তে উপযুক্ত কোন স্থানে দূরত্ব শিথিল করে ফিলিং স্টেশনটি প্রতিস্থাপন/স্থানান্তর অথবা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে ট্রাফিক বৃদ্ধি পেলে নতুন ফিলিং স্টেশন স্থাপন করার অনুমোদন দেয়া যেতে পারে।</p> <p>(ঙ) বিলুপ্ত হবে।</p>
<p>অনুচ্ছেদ-১২ (ক)</p> <p>(ঘ) নতুনভাবে সংযোজিত</p>	<p>ক) সিটি কর্পোরেশন বা জেলা শহর এবং পৌর এলাকায় প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ২৫ মিটার এবং জমির পরিমাণ ন্যূনতম ২৬ শতক হতে হবে। সড়ক বা মহাসড়ক, অনুমোদিত বাস ও ট্রাক টার্মিনাল এবং ফেরিঘাট এলাকায় প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ৪৫ মিটার এবং জমির পরিমাণ ন্যূনতম ৫০ শতক হতে হবে।</p> <p>ঘ) নতুন ফিলিং স্টেশন স্থাপনের পূর্বে বিপণন কোম্পানি কর্তৃক অনুমোদিত ভবনের আধুনিক ড্রয়িং এবং ডিজাইন আবশ্যকীয়ভাবে অনুসরণ করতে হবে।</p> <p>ঙ) জেলা শহর ও হাইওয়েতে স্থাপিতব্য ফিলিং স্টেশনের পাম্প অটোমেশন ও ট্যাংক অটোগেজিং সিস্টেমসহ ডিসপেন্সার ইউনিট আন্তর্জাতিক মানসম্মত বা ব্র্যান্ডের হতে হবে।</p>
<p>অনুচ্ছেদ-১৫</p>	<p>ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনের কিয়স্ক, অফিস, স্টোর রুম ইত্যাদির মোট আয়তন ১০০ (একশত) বর্গমিটারের মধ্যে রাখতে হবে। উক্ত আয়তনের মধ্যে একাধিক তলাবিশিষ্ট কিয়স্ক অনুমোদনযোগ্য বলে বিবেচিত হবে।</p> <p>খ) বিলুপ্ত হবে।</p> <p>গ) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণে জেনারেটর স্থাপন করতে হলে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অনুমোদিত বিশেষ ধরনের কক্ষ স্থাপন করতে হবে।</p> <p>I. জেনারেটর অনধিক ৩০ (ত্রিশ) কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন হবে;</p> <p>II. যতদূর সম্ভব কিয়স্কের যে পার্শ্বে ট্যাংক থাকবে তার বিপরীত দিকে জেনারেটর স্থাপিত হবে এবং অবশ্যই তা ( জেনারেটর) ট্যাংকের ফিলিং পয়েন্ট হতে ন্যূনতম ২০ (বিশ) মিটার দূরে অবস্থিত হবে;</p> <p>III. বিলুপ্ত হবে।</p> <p>IV. বিলুপ্ত হবে।</p>

অনুচ্ছেদ-৩৫ (ঘ)	(ঘ) সড়ক/মহাসড়ক সংলগ্ন প্রস্তাবিত ফিলিং স্টেশনে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ক্রিনারসহ আধুনিক ও স্বাস্থ্যসম্মত ন্যূনতম ৩ (তিন) টি পুরুষ ও ৩ (তিন) টি মহিলা টয়লেট, মানসম্মত ফুড কর্ণার, স্যুভেনিয়র শপ ও নামাজের স্থান থাকতে হবে। ফিলিং স্টেশনসমূহের কোম্পানিভিত্তিক ভিন্ন ভিন্ন রং এবং ডিজাইনের হতে হবে।
-----------------	--

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৬ জানুয়ারি, ২০১৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এবং এতদসংক্রান্ত সময় সময় জারীকৃত সংশোধনীসহ অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব (অপাঃ)।